

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-২ শাখা
www.lgd.gov.bd



“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং-৪৬.০০.০০০০.০২১.০৪.১৫৮.২০১১- ২৪৬৮

তারিখঃ ২৩ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ
০৮ মার্চ, ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১৩৬/২০১১ হতে উদ্ধৃত কনটেম্পট পিটিশন নং-৪৪১/২০২০ এর গত ৩০/১১/২০২০ খ্রিঃ তারিখের রায়/আদেশ বাস্তবায়ন।

সূত্রঃ মাননীয় হাইকোর্ট বিভাগের সহকারী রেজিস্ট্রার কর্তৃক স্বাক্ষরিত ৩১/১২/২০২০ খ্রিঃ তারিখের বুল ও আরজি।


উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত বুল ও আরজির পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্প ও মাস্টারপ্ল্যান ভিত্তিতে নিয়োজিত গাড়ী চালক/রোড রোলার চালকগণের চাকরি এলজিইডির রাজস্বখাতে আত্মীকরণ ও নিয়মিতকরণের জন্য জনাব হাফেজ মোঃ রাফিজুদ্দিন, পিতা- আফতাব উদ্দিন, ল্যাব সহকারী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম এবং অন্যান্য কর্তৃক মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৩৬/২০১১ দায়ের করা হয়। উক্ত মামলার গত ৩০/১১/২০২০ খ্রিঃ তারিখের রায় অনুযায়ী বাদীদের আত্মীকরণ ও নিয়মিতকরণ না করায় মামলার বাদী কর্তৃক কনটেম্পট পিটিশন নং -৪৪১/২০২০ দায়ের করা হয়। উক্ত কনটেম্পট পিটিশনে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়কে ০৩ নং বিবাদীসহ অন্যান্য মোট ০৪ জনকে বিবাদী করা হয়েছে।

০২। এমতাবস্থায়, বর্ণিত আদেশের প্রেক্ষিতে প্রয়োজনে সময়ের আবেদনসহ নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণপূর্বক এ বিভাগের সিনিয়র সচিব তথা সরকার পক্ষে মামলা পরিচালনার জন্য এবং বিজ্ঞ সলিসিটরকে মামলা পরিচালনায় সহায়তা করার জন্য তাঁকে দায়িত্ব প্রদান করা হলো। এ বিভাগের সিনিয়র সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা এতদসঙ্গে প্রেরণ করা হলো।

- বিজ্ঞ সলিসিটর উইং এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা;
- বিজ্ঞ এটর্নি জেনারেল কার্যালয় এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা;
- সচিব মহোদয়ের পক্ষে দফাওয়ারী জবাব প্রস্তুত করে মাননীয় আদালতে পেশ করা;
- সচিব মহোদয়ের পক্ষে এফিডেভিট সম্পাদনের জন্য ক্ষমতা অর্পণ পত্র সংগ্রহ করা; এবং
- মামলার অগ্রগতিসহ পরবর্তী সময়ের অর্থাৎ মামলা চলাকালীন সময়ের সার্বিক বিষয়ে নিয়মিতভাবে এ বিভাগ/আইন-২ শাখাকে অবহিত করা।

সংযুক্তঃ ১। বুল ও আরজির কপি ৭৫ পাতা।

২। ওকালতনামা ১ (এক) কপি।


০৮/৩/২০২১
(মোঃ মুস্তাফিজুর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৯৭

জনাব মোঃ আশরাফুল আলম

বিজ্ঞ প্যানেল আইনজীবী

স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, এটর্নি জেনারেল ভবিত্তে, সুলতান কোর্ট কমপ্লেক্স, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (আইন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ৫। উপসচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ৬। অন্যান্য সচিব/সিনিয়র সচিব/সহকারী সচিব।